গাংনীতে প্রেমে ব্যর্থ হয়ে ছাত্রী ও মায়ের সাথে অভিমানে যুবকের ঘুমের বড়ি সেবন

প্রেমে ব্যর্থ হয়ে কলেজ ছাত্রী ও মায়ের সাথে অভিমান করে যুবক ঘুমের বড়ি খেয়ে আত্মহত্যার চেষ্টা করেছেন। তারা হলেন, গাংনী উপজেলার হাড়িয়াদহ গ্রামের কলিম উদ্দীনের মেয়ে লিমা খাতুন (১৮) ও একই উপজেলার কাজিপুর গ্রামের আতিয়ার রহমানের ছেলে রবিন (২০)।

লিমা খাতুন সকালের দিকে ও রবিন দুপুরের দিকে ঘুমের বড়ি খান। তাদের দুজনকেই গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

নাম প্রকাশ না করার শর্তে লিমা খাতুনের বান্ধবী বলেন, প্রেমে ব্যর্থ হয়ে লিমা খাতুন ঘুমের বড়ি খেয়ে আত্মহত্যা চেষ্টা চালায়। মূমূর্ষ অবস্থায় তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়।

এদিকে রবিন তার মায়ের সাথে গতরাতে ভাত খাওয়াকে কেন্দ্র করে অভিমান করে আজ মঙ্গলবার দুপুরের দিকে এলার্জির বড়ি সেবন করে আত্মহত্যার চেষ্টা চালায়।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্মরত উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার (স্যাকমো) সোহাগ আহম্মেদ বলেন, তাদের চিকিৎসা দেওয়া হচ্ছে।

ইউপি চেয়ারম্যান মতিনের ক্ষমতার দাপট?

সড়ক দূর্ঘটনা ঘটিয়েও আহতকে চিকিৎসার ব্যবস্থা না করেই ক্ষমতার দাপটে দুর্ঘটনা কবলিত মোটরসাইকেল তুলে নিয়ে গেলেন ইউপি

চেয়ারম্যান মতিউর রহমান মতিন।

দাপুটে এই মতিউর রহমান মতিন মেহেরপুর সদর উপজেলার নবগঠিত শ্যামপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান।

জানা গেছে , মেহেরপুর শহরের মফিজুল ইসলামের ছেলে মিলন হোসেন ও শ্যামপুর ইউপি চেয়ারম্যান মতিউর রহমান মতিন প্রাইভেট কারে যার নং ঢকা মেট্রো -গ- ২৮-৮৬৪৮ ) যোগে মেহেরপুর থেকে কুষ্টিয়া যাচ্ছিলেন। আর বেপরোয়া গতিতে প্রাইভেট কারটি চালাচ্ছিলেন নাহিদ হোসেন।

এসময় গাংনী উপজেলার গোপালনগর গ্রামের রফিকুল ইসলামের ছেলে রাজা মিয়া ও তার অপর বন্ধু মিলে মেহেরপুরে যাচ্ছিলেন।

গাংনী বনবিভাগের সামনে একটি ইজিবাইক ওভারটেক করার সময় প্রাইভেট কারটি এসে মোটরসাইকেলটিকে স্বজোরে ধাক্কা দিলে এই দুর্ঘটনা ঘটে। এতে আহত হয় মোটরাসাইকেল চালক রাজা মিয়া।

আহত রাজাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে আজ মঙ্গলবার (২৩ আগষ্ট ) দুপুরের দিকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

আহত রাজার দুলাভাই গাংনী পাইলট স্কুল এন্ড কলেজের শিক্ষক আবু হোসেন বলেন , রাজার ডান পা ভেঙ্গে গেছে। তাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেছে চিকিৎসক।

গতকাল সোমবার (২২ আগষ্ট ) দুপুরের দিকে গাংনী উপজেলা শহরের বনবিভাগ পাড়া এলাকায় প্রাইভেট কারের সাথে মোটরসাইকেলের এই দুর্ঘটনা ঘটে।

আহত রাজা বলেন , মোটরসাইকেল যোগে মেহেরপুর যাওয়ার পথে গাংনী বনবিভাগের সামনে একটি ব্যাটারী চালিত ইজিবাইককে ওভারটেক করার সময় সামনের দিক থেকে আসা দ্রুতগামী প্রাইভেট কার আমাদের এসে ধাক্কা দিলে রাস্তার পাশে ছিটকে পড়ি।

এসময় আমাকে স্থানীয়রা তুলে হাসপাতালে নেওয়ার ব্যবস্থা করছিল। ওই প্রাইভেট কারের ভিতরে থাকা যাত্রীরা আমাকে কোনো ধরণের সহযোগীতা না দিয়ে আমার গাড়িটি ছিনিয়ে নিয়ে চলে যায়। এসময় কিছু মানুষ তাকে বাধা দিলেও জোর করে গাড়ি ছিনিয়ে নিয়ে চলে যায়।

শিক্ষক আবু হোসেন বলেন, দুর্ঘটনায় আমার শ্যালক রাজা মিয়া মারাত্বক আহত হলেও তাকে চিকিৎসার ব্যবস্থা না করেই জোর করে মোটরাসাইকেলটি ছিনিয়ে নিয়ে চলে যায় এই চেয়ারম্যান।

প্রত্যক্ষদর্শি সাগর ও জামান হোসেন জানান, প্রাইভেট কারটির গতি বেপরোয়া থাকলেও ভিতরে থাকা যাত্রী নিজেকে শ্যামপুর ইউনিয়নের চেয়ারম্যান পরিচয় দিয়ে দুর্ঘটনা কবলিত মোটরসাইকেলটি নিয়ে চলে যায়। আমরা বাঁধা দিলে সে নিজেকে চেয়ারম্যান ও মন্ত্রীর পরিচয় দিয়ে আমাদের ভয়ভীতি দেখায়।

এঘটনায় চেয়ারম্যান মতিউর রহমান মতিন বলেন, মোটরসাইকেল আরোহীরা ছিল মাদকাসক্ত। তারা বেপরোয়া গতিতে এসে আমাদের প্রাইভেট কারের সামনের অংশ ভেঙ্গে দিয়েছে। এখানে প্রায় দুই লক্ষাধিক টাকার ক্ষতি হয়েছে।

তাই মোটরসাইকেল নিয়ে এসে আমার ইউনিয়ন পরিষদে রেখে দিয়েছি।ইউনিয়ন পরিষদের বসেই তাদের বিচার হবে। প্রাইভেট কার মেরামতের ২ লক্ষ টাকা জরিমানা নিয়ে তারপর গাড়ি দেওয়া হবে। আহতকে চিকিৎসার ব্যবস্থা না করে মোটরসাইকেল তুলে নিয়ে আসলেন কেনো এমন প্রশ্নের জবাব দেননি চেয়ারম্যান মতিন।

এঘটনায় আহত রাজা বাদি হয়ে গাংনী থানায় একটি অভিযোগ দিয়েছে। অভিযোগপত্রটি পাওয়ার পরে গাংনী থানার উপপরিদর্শক (এসআই) মাসুদ চেয়ারম্যান মতিনের কাছে বিষয়টি জানতে চাইলে তিনি নিজেকে মন্ত্রীর লোক পরিচয় দিয়ে বলেন, ওদেরকে আমার ইউনিয়ন পরিষদে পাঠিয়ে দেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন, বিষয়টি আমার কানে আসার পর আমি খোঁজ খবর নিয়েছি। বিষয়টি মিমাংসার জন্য তাগিদ দেওয়া হয়েছে।

গাংনীতে জামাইয়ের হাতে শাশুড়ি

খুন ( আপডেট )

জামাইয়ের হাত থেকে মেয়েকে রক্ষা করতে গিয়ে জামাইয়ের হাসুয়ার উপর্যুপরি কোপে নিহত হয়েছেন রঙ্গিলা খাতুন (৪৫) নামের এক গৃহবধূ। রঙ্গিলা খাতুন গাংনী উপজেলার করমদি মাঠপাড়া এলাকার শওকত আলীর স্ত্রী।

আজ মঙ্গলবার (২৩ আগষ্ট) বেলা সাড়ে ১১ টার দিকে তার নিজ ঘরে হাসুয়া দিয়ে কুপিয়ে হত্যা করে। এর আগে নিহতের মেয়ে রিনি খাতুনকেও হাসুয়া দিয়ে কুপিয়ে আহত করেন। আহত রিনি বর্তমানে হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে।

স্থানীয়রা জানান, সকালের দিকে পারিবরিক কলহের জের ধরে মাঠপাড়া ঈদগাহ এলাকায় গাছের সাথে রশি দিয়ে গলাই দড়ি দিতে যায়। খবর পেয়ে নিহত রঙ্গিলা ও তার স্ত্রী রিনি খাতুন উদ্ধার করে বাড়ি নিয়ে আসে।

তাকে কেনো বাড়ি নিয়ে আসা হয়েছে এমন কথা বলে আবারো শুরু হয় বাতবিতন্ডা। এক পর্যায়ে হাসুয়া দিয়ে স্ত্রী রিনি খাতুনকে কোপাতে থাকে বাদশা। এসময় শাশুড়ি রঙ্গিলা তার মেয়েকে বাচাতে গেলে তাকে হাসুয়া দিয়ে গলাই এলোপাথাড়ি কুপিয়ে হত্যা করে পালিয়ে যায়।

স্থানীয়রা আরো জানান, বাদশার নামে, চুরি ডাকাতিসহ বিভিন্ন অভিযোগে একাধিক মামলা রয়েছে। সাম্প্রতিক সময়ে সে জেল থেকে জামিনে মুক্ত হয়েছে। বাদশা করমদি গ্রামের শাহবুর পাড়ার রবিউল ইসলামের ছেলে। সে শশুরবাড়ি ঘর জামায় থাকতো।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, নিহতের মরদেহ উদ্ধার করে সুরোতহাল করা হয়েছে। ময়না তদন্তের জন্য মেহেরপুর জেনারেল হাসপাতাল মর্গে নেয়া হচ্ছে।

গাংনীর করমদিতে শাশুড়িকে

কুপিয়ে হত্যা করলো জামাই

পারিবারিক বিরোধের জের ধরে মেহেরপুরের গাংনী উপজেলার করমদিতে রঙিলা খাতুন (৪৫) নামের এক মহিলাকে কুপিয়ে হত্যা করেছে জামাতা বাদশাহ।

আজ মঙ্গলবার সকাল সাড়ে ১১টার দিকে করমদি মাঠ পাড়ায় এ ঘটনা ঘটে। এতে রঙিলার মেয়ে রিনি খাতুনও আহত হয়েছে। অভিযুক্ত জামাতা বাদশাহ একই গ্রামের সাহাবুর পাড়ার রবিউল ইসলামের ছেলে।

খবর পেয়ে গাংনী থানা পুলিশের একটি দল সেখানে পৌছে মরদেহ সুরতহাল রিপোর্ট শেষে উদ্ধারের প্রক্রিয়া চালাচ্ছে।

বিস্তারিত আসছে…

গাংনীতে শিক্ষক-সুপার ভাইজারগণের প্রশিক্ষণ

মেহেরপুরের গাংনীতে আউট-অব-স্কুল চিলড্রেন এডুকেশন কর্মসূচীর আওতায় শিক্ষক-সুপার ভাইজারগণের ১২দিন ব্যাপী বুনিয়াদী প্রশিক্ষণ কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে।

সোমবার সকালে গাংনী সরকারী পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের হলরুমে এ প্রশিক্ষণ কার্যক্রমের উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা সহকারী মাধ্যমিক শিক্ষা অফিসার মনিরুল ইসলাম, বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুজামান লালু ও প্রকল্প জেলা ম্যানেজার মুরাদ আলীসহ বিভিন্ন প্রশিক্ষণ গ্রহণ কারী শিক্ষক ও সুপারভাইজারগন।

গাংনী বাজার কমিটি নির্বাচনী তফশীল ঘোষণা

মেহেরপুরের গাংনী বাজার কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়ার এক বছর পর ত্রি-বাষিক নির্বাচনী তফশীল ঘোষণা করা হয়েছে।

আজ সোমবার বেলা ১১ টার দিকে গাংনী বাজার কমিটির কার্যালয়ে আনুষ্ঠানিক তফশীল ঘোষণা করা হয়। নির্বাচন

কমিশনের প্রধান উপদেষ্টা উপজেলা চেয়ারম্যান এমএ খালেক তফশীল ঘোষনা করেন। মার্কেট মালিক সমিতির সভাপতি ফজলুল হকের সভাপতিত্বে উপস্থিত ছিলেন গাংনী থানার অফিসার ইনচার্জ ওসি আব্দুর রাজ্জাক, নির্বাচন কমিশনের সদস্য আনারুল ইসলাম বাবু, মাজেদুল হক মানিকসহ স্থানীয় সাংবাদিকবৃন্দ। বিগত ২০১৮ সালের ২৯ জানুয়ারী গাংনী বাজার কমিটির সর্ব শেষ নির্বাচন অনুষ্ঠিত হয়।

দু:খ প্রকাশ

আজ সোমবার (২২ আগষ্ট) দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকার অনলাইন ও প্রিন্ট ভার্সনে ‘গাংনীতে ২১ আগষ্ট গ্রেনেড হামলার জনসভা, আবার দেশী বিদেশী অপশক্তি মাথা চাড়া দিয়ে উঠছে- মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন” শীরোনামে প্রকাশিত সংবাদের একটি স্থানে বামন্দী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদকের স্থলে ভুলবশত বিএনপি লেখা হয়েছে।
এখানে ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও বামন্দী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ওবায়দুর রহমান কমল পড়তে হবে।
অনিচ্ছাকৃত এই ভুলের জন্য আন্তরিকভাবে দু:খ প্রকাশ করছি। ইতোমধ্যে আমরা অনলাইনে সংশোধন করেছি। আগামি কাল ২৩ আগস্টের প্রিন্ট পত্রিকায় সংশোধনী ছাপানোর ব্যবস্থা করবো।
বার্তা সম্পাদক

আবার দেশি-বিদেশি অপশক্তি মাথাচাড়া দিয়ে উঠেছে – মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন

মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন বলেন, ১৯৭৫ সালের ১৫ আগস্ট ৭১ এর পরাজিত অপশক্তিরা বঙ্গবন্ধুকে স্বপরিবারে হত্যা করেছিল। ২০০৪ সালের ২১ আগষ্ট জাতী হারাতে বসেছিল জাতির আরেক বীর সন্তান বঙ্গবন্ধুর কন্যা শেখ হাসিনাকে। সেই পরাজিত শক্তি শেখ হাসিনাকে হত্যা করে এদেশের উন্নয়ন, অগ্রযাত্রা এবং বাংলাদেশের স্বাধীনতা-সার্বভৌমত্ব হত্যা করতে চেয়েছিল।

রবিবার (২১ আগস্ট) বিকেলে গাংনী উপজেলার বামন্দী হাইস্কুল মাঠে গ্রেনেড হামলা দিবস উপলক্ষে আয়োজিত বিশাল জনসভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন এমপি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

আবার দেশি-বিদেশি অপশক্তি মাথাচাড়া দিয়ে উঠেছে বলে মন্তব্য করে সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন বলেন, ২০০৪ সালের ২১ আগষ্ট ভয়াল গ্রেনেড হামলায় শেখ হাসিনা প্রাণে বেঁচে গেলেও আইভি রহমানসহ দলের ২৪ জন নেতাকর্মী প্রাণ হারিয়েছেন। এখনও ৪০০ শতাধিক নেতাকর্মী পঙ্গু হয়ে এখনো দু:সহ জীবন যাপন করছেন।

সেই লেলিহান শিখা এখনো বাংলার ঘরে ঘরে দাউ দাউ করে জ্বলছে। ঠিক সেই সময় স্বাধীনতা বিরোধী অপশক্তি ঘাতক চক্র ষড়যন্ত্র করছে। আবারো গ্রাম গঞ্জের প্রতিটি রাস্তা-ঘাট রক্তাক্ত করার পায়তারা করছে তারা। তারা ঘোনায় ঘোনায় মিটিং করছে, আস্ফালন দেখিয়ে হুংকার দিচ্ছেন। তাই আওয়ামীলীগের নেতা কর্মীদের আর বসে থাকার সময় নেই। দ্বিধা দ্বদন্দ্ব ভুলে সবাইকে একত্রি হয়ে তাদের আস্ফালন থামিয়ে দিতে হবে।আওয়ামীলীগের নেতা কর্মীরা এক হলে তারা বাংলাদেশেরেএক ইঞ্চি মাটিও দখল নিতে পারবেনা।

তিনি বলেন, আগামী নির্বাচনে আওয়ামীলীগের নেতৃত্বে এই দেশ আবার সরকার গঠণ হবে। শেখ হাসিনাই দেশের প্রধান মন্ত্রী হবেন। শেখ হাসিনার নেতৃত্বেই দেশকে সামনের দিকে এগিয়ে নিয়ে যাবে।

বামন্দী ইউনিয়ন আওয়ামীলীগ আয়োজিত এই জন সভায় সভাপতিত্বে করেন

বামন্দী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি ও সাবেক ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান শহিদুল ইসলাম বিশ্বাস।

বামন্দী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও বামন্দী ইউনিয়ন চেয়ারম্যান ওবায়দুর রহমান কমলের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুল, উপজেলা আওয়ামী লীগের সাবেক সাংগাঠনিক সম্পাদক মনিরুজ্জামান মাষ্টার, আওয়ামী লীগের বিশিষ্ট নেতা মনিরুজ্জামান আতুসহ আওয়ামী লীগ ও অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ।

পরে গ্রেনেড হামলার তীব্র নিন্দা জানিয়ে একটি বিরাট বিক্ষোভ মিছিল বামন্দী শহরের বিভিন্ন পথ ঘুরে একই স্থানে এসে শেষ হয়।

গাংনীতে ওল ক্ষেত কেটে দেওয়ার অভিযোগ ভাগ্নেদের বিরুদ্ধে

জমিজমা সংক্রান্ত বিরোধের জেরে ভাগিনার বিরুদ্ধে দশ কাঠা জমির ওল ক্ষেত কেটে তছরুপ করার অভিযাগ করেছে মামা। এঘটনায় ভাগ্নিদের বিরুদ্ধে থানায় অভিযোগ করেছে মামা। ঘটনাটি ঘটেছে গাংনী উপজেলার ভাটপাড়া গ্রামে গত পরশু শুক্রবার দিনগত রাতে।

জানাগেছে, ভাপটাড়া গ্রামের ছিপাত আলী ১০ কাঠা জমিতে ওলের আবাদ করেন। কয়েক মাসের মধ্যে ওল বাজারে তোলার কথা। এমতাস্থায় ছিপাত আলীর ভাগ্নি মোফাজ্জেল হোসেন,বাবুর আলী,কুদ্দুস ও ইদ্রিস আলী ইদু মায়ের জমির শরিকানা ভুঝে নিতে মামা ছিপাত আলীর ওল ক্ষেত কেটে তছরুপ করে। এ ঘটনায় ছিপাত আলী গাংনী থানায় একটি লিখিত অভিযোগ করেন।

ক্ষেত মালিক ছিপাত আলী জানায়, আমার বড় বোনের নামে একটি জমি রেকর্ড হয়েছে। সেকারনে আমার জমি জোর দখল করে নিতে চাই বোনের ছেলেরা। আমি বাধা দিতে গেলে আমাকে মারধর করে। এবং ১০ কাঠা জমির ওল গাছ কেটে তছরুপ করেছে। এতে আমার প্রায় লক্ষাধিক টাকার ক্ষতি হয়েছে।

তিনি আরো বলেন, যদি আমার বড় বোনের নামে জমির রেকর্ডপত্র হয়ে থাকে তাহলে আমি তা বাতিলের জন্য আদালতের সরনাপন্ন হবো। তা না করে আমার আবাদ তছরুপ করেছে ।

এবিষয়ে বাবুর আলী বাবু জানান, আমার মায়ের নামের জমি আমার মামা ছিপাত আলী জোর পুর্বক দির্ঘদিন ধরে ভোগদখল করে রেখেছে। আমার মায়ের মৃত্যুর পর অনেকবার জমির ভাগ বুঝে দেবার জন্য মামাকে অনুরোধ করি। আমার মামা তা দেইনি। বরং আমাদের জমি দেবেনা বলে জানিয়ে দিলে আমরা ফাকা একটি জমিতে গিয়ে দখল নিয়েছি।

ওল ক্ষেত কাটার বিষয়ে তিনি বলেন, আমার মামা ছিপাত আলী ও তার ছেলে নিজেরাই ওঁল ক্ষেত কেটে আমাদের মাধায় দোষ চাপানোর পায়তারা করছে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান এবিষয়ে একটি লিখিত অভিযোগ পেয়েছি। বিষয়টি নিয়ে তদন্ত চলছে। এখন কিছু বলা যাচ্ছেনা।

গাংনীতে রাস্তায় হাট জনদুর্ভোগ চরমে বড় দুর্ঘটনার আশংকা

সরকার কর্তৃক অনুমোদিত ভাটাপড়া বাজারে প্রায় কোটি টাকা ব্যায়ে সেডসহ বিল্ডিং নির্মাণ করা হলেও মাছ ব্যবসায়ীরা সেটি ব্যবহার করছেন না। দেড় বছর ধরে তারা সড়কের ওপরে রমরমা ভাবে বেচা বিক্রি চালিয়ে যাচ্ছেন।

সড়কের ওপর ব্যবসা খুলে বসায় পথচারিদের পোহাতে হচ্ছে নানা ভোগান্দি। সেই সাথে বড় ধরনের দুর্ঘটনার আশংকাও করা হচ্ছে। তবে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে বিষয়টি দেখা হবে বলে জানানো হয়েছে।

জানাগেছে, মেহেরপুরের গাংনী উপজেলার ভাটপাড়া বাজারে কোাট টাকা ব্যায়ে নির্মান করা হয়েছে ব্যবসায়ীদের জন্য একটি দৃষ্টি নন্দন বিল্ডিং ও সেড। সপ্তাহের প্রতি রবিবার ও বুধবার দু,দিন এখানকার

হাট বসে। সকল ব্যবসায়ীদের জন্য নির্দিষ্ট স্থান নির্ধারণ করা হলেও মাছ ব্যবসায়ীরা রাস্তায় হাট বসাচ্ছেন। মাছ ব্যবসায়ীরা রাস্তায় ব্যবসা করার কারনে যানজটের সৃষ্টি হচ্ছে। মাছ ব্যবসায়ীদের সাথে পথচারিদের বাকবিতন্ড লেগেই আছে।

মেহেরপুরের লেগুনা চালক আশরাফুল ইসলাম জানান,প্রতি রবি ও বুধবার রাস্তা দখল করে হাট বসানোর কারনে যানজট তৈরী হচ্ছে। এতে আমাদের সময় বেশি লাগছে এবং লেট ফাইন দিতে হচ্ছে। বাজারের সরকারি হাটের নির্দিষ্ট জায়গাতে হাট বসানোর জন্য দাবী করেন এই চালক।

ট্রাক চালক তারেক হোসেন জানান, রাস্তার দুই ধারে প্যালাসাইড দিয়েছিল সড়ক ও জনপদ বিভাগ। সেই সব প্যালাসাইড তুলে ফেলে দিয়েছে মাছ ব্যবসায়ীরা। প্রায় দেড় বছর ধরে রাস্তা দখল করে রেখেছে মাছ ব্যবসায়ীরা। যেন দেখার ও বলার কেই নেই।
আলমসাদু চালক হাসান জানান, আমি যাত্রী নিয়ে গাংনী থেকে মেহেরপুর যাচ্ছিলাম। ভাটপাড়া বাজারে এসে পৌঁছালে মাছ ব্যবসায়ীরা আমার যাত্রীদের সাথে খারাপ আচরণ করে। ভাটপাড়া বাজার সংলগ্ন জন গুরুত্বপুর্ণ রাস্তাটি দখলমুক্ত করা না হলে বড় ধরনের দুর্ঘটনা ঘটবে বলে আশংকা প্রকাশ করেন তিনি।

মেহেরপুর জেলা মটর শ্রমিক ইউনিয়নের সভাপতি আহসান হাবিব সোনা বলেন, রাস্তায় প্রতিবন্ধকতা করে মাছ ব্যবসায়ীরা ব্যবসা করছেন। এতে সড়ক দুর্ঘটনা ঘটতে পারে এমনকি কারো প্রাণহানিও হতে পারে। গাংনী উপজেলা প্রশাসন দ্রত ব্যবস্থা না নিলে জনদুর্ভোগ বাড়বে এবং বড়ধরনের দুর্ঘটনা ঘটতে পারে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম জানান, আমি বিষয়টি নিয়ে হাট ইজারাদারদের সাথে বসে সমাধানের চেষ্টা করবো।